
দৈনিক বাংলা

৩৬

তারিখ ... 27 JUN 1989 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম 5 ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা



আধুনিক ভাষা ইনস্টিটিউটে সোমবার অনুষ্ঠিত ডঃ জাহানআরা প্রণীত বাংলা ফর ফরেনার্স গ্রন্থের প্রকাশনা উৎসবে সভাপতির ভাষণ দেন দৈনিক বাংলা ট্রাস্টের চেয়ারম্যান জনাব ওবায়দুল হক

—দৈনিক বাংলা

# ভাষা শিক্ষার উপযোগী বই প্রকাশ করুন : ওবায়েদুল হক

(স্টাফ রিপোর্টার)

প্রবীন সাংবাদিক এবং দৈনিক বাংলা ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব ওবায়েদুল হক প্রবাসী বাংলাদেশী ছেলেমেয়েদের ভাষা শিক্ষার উপযোগী করে বাংলা বই প্রকাশের উপর গুরুত্বারোপ করেছেন।

সোমবার আধুনিক ভাষা ইনস্টিটিউট মিলনায়তনে ডঃ বেগম জাহানআরা প্রণীত 'বাংলা ফর ফরেনার্স' গ্রন্থের প্রকাশনা উৎসবে সভাপতির ভাষণে তিনি ভাষা শিক্ষার জন্য বইটি বিদেশীদের পাশাপাশি প্রবাসী বাংলাদেশীদেরও প্রয়োজন মেটাবে বলে মন্তব্য করেন।

অনুষ্ঠানে বইটির উপর আলোচনার অংশ গ্রহণ করেন ডঃ আশরাফ সিদ্দিকী অধ্যাপক আবুল মনসুর মোহম্মদ আবু মুসা, অধ্যাপিকা আরিফা রহমান জনাব নুরুল হুদা বেগম মমতাজ হোসেন প্রমুখ।